পরম করুনাময় আল্লাহর নামে

# ৩৪তম তেহরান আন্তর্জাতিক বইমেলার বিদেশি প্রকাশনা বিভাগের জন্য নির্দেশনা ফর্ম (তেহরান- মে ২০২৩)

৩৪তম তেহরান আন্তর্জাতিক বইমেলা (টিআইবিএফ) ২০২৩ সালের মে মাসে অনুষ্ঠিত হবে। এই মেলার বিদেশি প্রকাশনা বিভাগের (এফপিএস) অংশগ্রহনের জন্য নির্ধারিত কিছু হল রয়েছে, যেখানে অন্যান্য দেশের প্রকাশকরা বা ইরানে তাদের অনুমোদিত প্রতিনিধিরা অংশ নেবেন, এবং এই নির্দেশনা ফর্মে বর্ণিত অনুচ্ছেদসমূহ অনুযায়ী তাদের বই প্রদর্শন ও বিক্রয় কর্মকান্ড পরিচালনা করবেন।

## অনুচ্ছেদ ১ - নিবন্ধন:

**১.১-** কাজের ধরন অনুসারে, বিদেশি প্রকাশক বা তাদের অনুমোদিত ইরানি সরকারি প্রতিনিধি (ডিস্ট্রিবিউটরগণ) নিবন্ধন করতে পারবেন এবং ল্যাটিন (অনারব) ও আরব এই দুইটি হলের মধ্যে যে কোন একটি হলে প্রদর্শনী ও বিক্রয়ের জন্য অংশগ্রহণ করতে পারবেন। সরাসরি বা অনলাইনে বই বিক্রির জন্য, আবেদনকারীদের টিআইবিএফ-এর অফিসিয়াল ওয়েবসাইট (https://tibf.ir) এর রেজিস্ট্রেশন সেকশনে যেতে হবে এবং সেখানে প্রদত্ত ফরম পূরণ করে তা আপলোড করতে হবে।

**নোট ১**: মেলায় যেসকল অংশগ্রহণকারী ২০১৮ সাল থেকে শুরু করে তৎপরবর্তী সময়ে প্রথম প্রকাশিত বইসমূহ মেলার ভর্তুকি প্রদান সাপেক্ষে প্রদর্শন করতে ইচ্ছুক, তাদেরকে বই বিক্রির সরাসরি ও ভার্চুয়াল উভয় অংশেই নিবন্ধন করতে হবে।

**নোট ২**: নির্দিষ্ট সময়ের পর পাঠানো আবেদনকারীদের নিবন্ধনের জন্য ফরেন পাবলিশার্স কমিটি দায়ী থাকবে না।

**১.২-** মেলায় প্রকাশকদের বই প্রদর্শন ও বিক্রি করার জন্য পরিবেশকদের প্রত্যেক প্রকাশকের কাছ থেকে একটি করে প্রতিনিধি পত্র (রিপ্রেজেন্টেশন লেটার) উপস্থাপন করতে হবে।

**নোট ১**: একটি প্রতিনিধি পত্র উপস্থাপন করা হলো পরিবেশকদের মেলায় অংশগ্রহনের জন্য আবেদন করতে সক্ষম হওয়ার প্রাথমিক শর্ত; তবে অন্যান্য প্রকাশকদের বই প্রদর্শনের ক্ষেত্রেও, পৃথক প্রতিনিধি পত্র প্রদর্শন করা জরুরি।

**নোট ২**: যে সমস্ত অংশগ্রহণকারী কোন প্রকাশকের সকল বা আংশিক প্রকাশনা প্রদর্শনের এক্সক্লুসিভ প্রতিনিধিত্ব পত্র পেয়েছে, তাদেরকে অবশ্যই ফরেন পাবলিশার্স সেকশনের ব্যবস্থাপনা বিভাগ বরাবর মূল

প্রকাশকের  একটি অফিসিয়াল চিঠি উপস্থাপন করতে হবে, যা ইরানের সেই প্রতিনিধির নাম ও পরিচয় নির্দেশ করে এবং তার প্রতি আসল প্রকাশকের বই প্রদর্শন ও বিক্রির অনুমোদনের বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ করা থাকবে।

**নোট ৩**: এক্সক্লুসিভ প্রতিনিধিত্ব পত্র শুধু একজন অংশগ্রহণকারীর জন্য ইস্যু করা যাবে; ১টির বেশি পাওয়া গেলে, প্রকৃত প্রতিনিধি চিহ্নিত করার আগ পর্যন্ত রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকবে।

**নোট ৪**: প্রতিনিধি পত্রের চেয়ে গুরুত্বপূর্ণ, পরিবেশকের কাছে অবশ্যই ইরানের কালচার এন্ড ইসলামিক গাইডেন্স মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত পাবলিকেশন লাইসেন্স, অথবা বই প্রকাশক ও বিক্রেতাদের জন্য ইরানের সরকারি ইউনিয়নসমূহ দ্বারা ইস্যুকৃত একটি বাণিজ্যিক লাইসেন্স থাকতে হবে।

**১.৩-** এফপিএসে প্রদর্শনী ও বিক্রির জন্য নির্ধারিত বইয়ের প্রথম প্রকাশ অবশ্যই ২০১৫ এবং তার পরবর্তী সময়ের হতে হবে; তবে ন্যায্য ভর্তুকি শুধুমাত্র ২০১৮ সাল থেকে প্রকাশিত বইয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**১.৪-** এফপিএসে স্ট্যান্ড বসানোর খরচ অনারব প্রার্থীদের প্রতি বর্গমিটারে ১০০ ইউরো এবং আরব প্রার্থীদের প্রতি বর্গমিটারে ৭০ ইউরো করে নির্ধারণ করা হয়েছে; সে হিসেবে:

| **স্ট্যান্ড সাইজ** | **৯ বর্গমি.** | **১২ বর্গমি.** | **১৮ বর্গমি.** | **২৪ বর্গমি.** |
|---|---|---|---|---|
| **ল্যাটিন হল** | ৯০০ ইউরো | ১২০০ ইউরো | ১৮০০ ইউরো | ২৪০০ ইউরো |
| **আরব হল** | ৬৩০ ইউরো | ৮৪০ ইউরো | ১২৬০ ইউরো | ১৬৮০ ইউরো |

**নোট ১**: এফপিএসে ইরানি পরিবেশকদের ব্যাপক অংশগ্রহণকে উৎসাহিত করতে, স্ট্যান্ড খরচে নিম্নে উল্লিখিত ছাড়সমূহ তাদের জন্য বরাদ্দ রাখা হয়েছে-

| | | |
|---|---|---|
| ১ | রেজিস্ট্রেশনের তারিখ | ৬ ডিসেম্বর ২০২২ থেকে ৫ জানুয়ারি ২০২৩: ১০% ছাড় |
| ২ | প্রথম অংশগ্রহণ | প্রথমবার এফপিএস অংশগ্রহণ ও নিবন্ধনকারী প্রত্যেক প্রার্থীর জন্য ২০% ছাড় প্রযোজ্য হবে |
| ৩ | পাবলিশারের সংখ্যা | প্রতি ১০ জন প্রকাশকের ক্ষেত্রে: ২% ছাড় |
| ৪ | টাইটেলের সংখ্যা | প্রতি ৫০০ টাইটেলের ক্ষেত্রে: ১% ছাড় |
| ৫ | স্ট্যান্ডের সাইজ | ২৪ বর্গমিটারের চেয়ে অধিক বড় স্ট্যান্ডের ক্ষেত্রে: অতিরিক্ত প্রতি ২৫ বর্গমিটারে ২% ছাড় |
| ৬ | সাধারণ আচরণ (এফপিএস ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক নিশ্চিতকৃত) | মেলার নির্বাহী বা বই ক্রেতাদের কাছ থেকে কোন ধরনের অভিযোগ না আসা সাপেক্ষে: ৫% ছাড় |

**নোট ২**: হলের মানচিত্র বা নকশা পরিকল্পনার ক্ষেত্রে জরুরি মনে করলে এফপিএসের ব্যবস্থাপনা কমিটি যে কোন স্ট্যান্ডের আকার বা অবস্থান পরিবর্তন করার অধিকার রাখে। অবশ্যই স্ট্যান্ডের চূড়ান্ত আকার অনুযায়ী স্ট্যান্ডের খরচের পরিমাণ নির্ধারণ করা হবে।

**নোট ৩**: যেসকল অংশগ্রহণকারী তাদের স্ট্যান্ডের জন্য নিজস্ব পরিকল্পনা এবং সাজসজ্জা করতে ইচ্ছুক, তাদেরকে এফপিএসের কনফার্মেশন পাওয়ার জন্য আগেই তাদের আবেদন এবং তাদের অর্ডারকৃত স্ট্যান্ডের মানচিত্র/নকশা পাঠিয়ে দিতে হবে।

**১.৫-** একজন প্রকাশকের বিভিন্ন পরিবেশকের নামে নিবন্ধন নিষিদ্ধ।

**১.৬-** এফপিএসের সাইটে উল্লিখিত ও প্রদত্ত তথ্য ব্যতীত ভিন্ন তথ্যপূর্ণ ভুয়া বুক-লিস্ট বা জাল বই পাঠালে, এফপিএসে অংশগ্রহণকারীর নিবন্ধন বাতিল করে দেয়া হবে।

**<u>অনুচ্ছেদ ২ - শেষ সময়সীমা:</u>**

**২.১-** আবেদনকারীদের নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী মেলায় নিবন্ধন এবং অংশগ্রহণের সম্পূর্ণ নিয়মাবলি সম্পন্ন করতে হবে-

| | |
|---|---|
| নিবন্ধন ও সকল ডকুমেন্টস মূল্যায়ন/যাচাই | ১ ডিসেম্বর ২০২২ থেকে ১৯ ফেব্রুয়ারি ২০২৩ |
| মেলার কাস্টমসের সাহায্যে প্রয়োজনীয় কার্গো আনয়ন | ২০ ফেব্রুয়ারি ২০২৩ থেকে ২০ এপ্রিল ২০২৩ |
| অংশগ্রহণকারীদের দ্বারা তাদের স্ট্যান্ড গ্রহণ | মেলার উদ্বোধনের ৫ দিন আগে |

**নোট ১**: যেসব অংশগ্রহণকারীর প্রয়োজনীয় ডকুমেন্টস নির্ধারিত নিয়ম মেনে উল্লিখিত ডেডলাইনের মধ্যে পাঠানো হবে না, এফপিএসের ব্যবস্থাপনা বিভাগ সেসব আবেদনকারীদের নিবন্ধন ও অংশগ্রহণের পদ্ধতি সম্পন্ন করার কোন দায়িত্ব নেবে না।

**নোট ২**: যেসব অংশগ্রহণকারীর নিবন্ধন প্রক্রিয়া ১ ডিসেম্বর ২০২২ থেকে ৫ জানুয়ারি ২০২৩ এর মধ্যে যথাযথভাবে শেষ হয়ে যাবে, তারা স্ট্যান্ডের খরচে ১০% ছাড় পাবেন।

**<u>অনুচ্ছেদ ৩ - বাতিল প্রক্রিয়া:</u>**

**৩.১-** মেলায় অংশগ্রহণ বাতিলের অনুরোধ গ্রহণ করা সম্ভব হবে যদি তা এফপিএস রেজিস্ট্রেশন অফিসে ১ এপ্রিল ২০২৩ এর আগে পাঠানো হয়।

**৩.২-** ১ থেকে ২০ এপ্রিল ২০২৩ এর মধ্যে অংশগ্রহণ বাতিলের অনুরোধ গ্রহণের ক্ষেত্রে স্ট্যান্ড খরচের ৫০% কেটে রাখা হবে।

**৩.৩-** ২১ এপ্রিল ২০২৩ থেকে মেলার শেষ পর্যন্ত যেকোন সময়ে অংশগ্রহণ বাতিলের অনুরোধ গ্রহণের ক্ষেত্রে সম্পূর্ণ স্ট্যান্ড খরচ কেটে রাখা হবে।

**অনুচ্ছেদ ৪ - প্রয়োজনীয় আবশ্যক ডকুমেন্টস সমূহ:**

**৪.১-** নিবন্ধন ফর্মের অতিরিক্ত, একজন প্রার্থীকে আরো কিছু জিনিস পূরণ করতে ও জমা দিতে হবে: তাদের আইডি কার্ড বা পাসপোর্ট, প্রদর্শক বা প্রদর্শকদের ছবি, এবং তাদের মেলার আইডি কার্ড।

**৪.২-** মেলায় অংশগ্রহণকারীদেরকে অবশ্যই মেলায় তাদের উপস্থাপিত বইয়ের সকল তথ্য, যেমন- মূল্য তালিকা (এক্সেল ফাইল), বইসমূহের ওজন, প্রকাশের তারিখ, মেলায় প্রদর্শিত কপিসমূহের সঠিক সংখ্যা, সারসংক্ষেপ ও বইয়ের কাভারের ছবি আপলোড করতে হবে।

**৪.৩-** মেলায় অংশগ্রহণের জন্য যেসব বিদেশি অংশগ্রহণকারীদের ভিসা প্রয়োজন, তাদেরকে অবশ্যই মেলায় অংশগ্রহণের সকল নিয়ম কানুন ভালোভাবে জানতে হবে এবং মেলার ওয়েবসাইটের মাধ্যমে (https://tibf.ir) প্রয়োজনীয় সকল তথ্য পূরণ করতে হবে ও আপলোড করতে হবে।

**অনুচ্ছেদ ৫ - স্ট্যান্ড বরাদ্দ:**

**৫.১-** মেলায় অংশগ্রহণকারীদের জন্য নির্ধারিত স্ট্যান্ড শুধুমাত্র নিবন্ধন প্রক্রিয়া যথাযথভাবে শেষ করার পর এবং বরাদ্দকৃত স্ট্যান্ডের চূড়ান্ত সাইজ নির্ধারণ করার পর অংশগ্রহণকারীদের বরাদ্দ দেয়া হবে।

**৫.২-** কোন অবস্থাতেই, অংশগ্রহণকারীরা অন্য কোন প্রকাশক বা পরিবেশকের কাছে তাদের জন্য বরাদ্দকৃত স্ট্যান্ড-এর দায়িত্ব সমর্পণ করতে পারবেন না; বিশেষত তাদের অথরাইজেশন লেটার কোনভাবেই কারো কাছে হস্তান্তরযোগ্য নয়।

**৫.৩-** এফপিএস-এ যেসকল বই প্রদর্শিত হবে, সেগুলো এনপিএস (ন্যাশনাল পাবলিশার্স সেকশন)-এ প্রদর্শন করা যাবে না, এবং এর বিপরীতও অনুরূপ।

**৫.৪-** মেলা শুরুর পাঁচদিন পূর্বে অংশগ্রহণকারীদেরকে অবশ্যই তাদের স্ট্যান্ডের দায়িত্ব বুঝে নিতে হবে।

**৫.৫-** অংশগ্রহণকারীরা যথাযথ অনুমোদনের মাধ্যমে সাংস্কৃতিক প্রোগ্রামে অংশ নিতে পারবেন।

**অনুচ্ছেদ ৬ - নিষিদ্ধ বইসমূহ:**

**৬.১-** ৩৪তম তেহরান আন্তর্জাতিক বইমেলার সাধারণ নিয়ম অনুযায়ী যেসকল বই এই মেলায় প্রদর্শনের জন্য অনুমোদিত নয়, অর্থাৎ নিষিদ্ধ, সেগুলো হলো-

- অনৈতিক বিষয়বস্তু বা ছবি আছে, এমন বই;

- ইসলামি প্রজাতন্ত্র ইরানের আঞ্চলিক অখন্ডতা বা জাতীয় নিরাপত্তাকে ঝুঁকিপূর্ণ করে, এমন ছবি বা বিষয়বস্তু-বিশিষ্ট বই;
- বিভিন্ন ধর্ম, সম্প্রদায় বা জাতিসত্তাকে অবমাননা করে এমন বিভাজন সৃষ্টিকারী এবং রাষ্ট্রদ্রোহী বিষয়বস্তু সম্পন্ন বই;
- এমন বই যা বিচ্যুত বিশ্বাস, সাম্প্রদায়িকতা, বর্ণবাদ ও উদীয়মান রহস্যবাদকে প্রচার করে।

**৬.২-** উপরে উল্লিখিত নিয়ম অনুসারে বিদেশি বইয়ের মূল্যায়ন তিনটি পর্যায়ের ভিত্তিতে করা হবে- অংশগ্রহণকারীদের বইয়ের তালিকা দ্বারা, মেলার নীতি অনুযায়ী বইসমূহের অধ্যয়ন ও মূল্যায়নের মাধ্যমে এবং মেলার কর্মদিবসগুলোতে।

## অনুচ্ছেদ ৭ - সাধারণ নিয়মাবলি:

**৭.১-** অংশগ্রহণকারীরা শুধু মূল (অরিজিনাল) বই বিক্রি করতে পারবেন; কোন ধরনের অফ-সেট বই বিক্রয় সম্পূর্ণ নিষিদ্ধ।

**নোট**: মূল প্রকাশক বা তার অফিসিয়াল প্রতিনিধি দ্বারা পিওডি বই প্রদর্শন ও বিক্রি বৈধ হবে।

**৭.২-** টিবিএফ ওয়েবসাইটে যেসব বইয়ের তালিকা ও তথ্য সরবরাহ করা হবে, শুধুমাত্র সেসব বই স্ট্যান্ডে প্রদর্শনী ও বিক্রির জন্য রাখা যাবে।

**৭.৩-** ইসলামি প্রজাতন্ত্র ইরানের কাস্টমের মাধ্যমে মেলায় বই আমদানির ক্ষেত্রে মেলার কাস্টমসের নির্ধারিত নীতি অনুসরণ করা আবশ্যক।

**নোট**: অংশগ্রহণকারীরা যদি তাদের কার্গো পাঠানোর সময় ইরান এয়ার এয়ারলাইনস ব্যবহার করে, তাহলে তারা ৫০% ডিসকাউন্ট সুবিধা ভোগ করতে পারবে।

**৭.৪-** বই ছাড়া অন্য কোন পণ্য আমদানি ও বিক্রি নিষিদ্ধ; যেমন- পোস্টার, সিডি, ডাটা স্টোরেজ ডিভাইস, অডিও প্রোডাক্টস (মিউজিক এলবাম, বক্তৃতা ইত্যাদি), ভিজ্যুয়াল প্রেডাক্টস (মুভি, রেকর্ডেড স্পিচ টেপস ইত্যাদি), সফটওয়্যার, অভিবাদন কার্ড, পাজল, পুতুল বা খেলনা।

**নোট**: বইয়ের বা বইয়ের ভেতরে আছে এমন কোন এলাকার সাথে সংশ্লিষ্ট কোন সাংস্কৃতিক পণ্য বিক্রি করা যাবে, তবে অবশ্যই তা এফপিএসের ব্যবস্থাপনা বিভাগের নিশ্চয়তা ও অনুমোদন পাওয়ার পর।

**অনুচ্ছেদ ৮- অর্থ বিষয়ক নিয়মাবলি:**

**৮.১-** বইসমূহ ইরানি রিয়ালে বিক্রি হবে, এবং মেলার অর্থ বিভাগ বইয়ের ওপর যে ছাড় দিবে, তা অংশগ্রহণকারীদের চালানে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

**৮.২-** মূল প্রকাশক কর্তৃক চালানে যে মুদ্রা ঘোষনা করা হবে, সেটিকেই এক্সচেঞ্জের মূল ভিত্তি ধরতে হবে; অংশগ্রহণকারীরা এতে কোন ধরনের পরিবর্তন করতে বা মেলা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত মুদ্রার হার বাড়াতে পারবেন না।

**নোট ১**: মুদ্রার হার মেলার অর্থ বিভাগ কর্তৃক ঘোষিত হবে।

**নোট ২**: মেলা চলাকালীন অংশগ্রহণকারীরা বইয়ের মূল্য তালিকা বৃদ্ধি বা ভর্তুকির হার কমাতে পারবেন না।

**৮.৩-** অংশগ্রহণকারীরা তাদের মূল্য তালিকায় ন্যুনতম ৩০% ছাড় দিতে বাধ্য এবং ছাড়ের পরিমাণ অবশ্যই তাদের চালানে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

**অনুচ্ছেদ ৯- বইয়ের জন্য প্রযোজ্য ভর্তুকি:**

**৯.১-** মেলার অর্থ বিভাগ কর্তৃক বইয়ের জন্য বরাদ্দকৃত ভর্তুকির হার বইয়ের মূল্য তালিকার ২০% হবে।

**৯.২-** ৩৪তম এফপিএসে, শুধু মেলার ভার্চুয়াল অংশে বিক্রি হওয়া বইয়ের জন্য ভর্তুকি বরাদ্দ করা হবে।

**৯.৩-** তেহরান আন্তর্জাতিক বই মেলার অফিসিয়াল ওয়েবসাইটে অংশগ্রহণকারীর ব্যাঙ্ক একাউন্টের তথ্য আপলোড করা বাধ্যতামূলক। এবং একাউন্ট নম্বরটি অংশগ্রহণকারীর নামে নিবন্ধিত হতে হবে।

**নোট**: যেসকল বিদেশি অংশগ্রহণকারীর ইরানি ব্যাংক একাউন্ট নম্বর নেই, তাদেরকে যথাযথ সময়ের মধ্যে মেরার অর্থ বিভাগের সাথে যোগাযোগ করে তাদের বিষয়টি নিষ্পত্তি করিয়ে নিতে হবে।

**<u>অনুচ্ছেদ ১০- প্রদর্শনীর বিশেষ সার্ভিস সমূহ:</u>**

**১০.১-** নিম্নলিখিত সরণী অনুসারে, এফপিএসে অংশগ্রহণকারীরা আবাসন, খাবার ও স্ন্যাকস, এবং তাদের স্ট্যান্ডের সজ্জায়নের ক্ষেত্রে মেরার বিশেষ সুবিধাসমূহ ভোগ করতে পারবেন-

| **সার্ভিসের নাম** | **খরচসমূহ** |
|---|---|
| স্ট্যান্ড ডেকোরেশন ও অবকাঠামো নির্মাণ | সংশ্লিষ্ট লিংকে উল্লিখিত শর্ত অনুযায়ী |
| ওয়াটার কুলারের ভাড়া | সংশ্লিষ্ট লিংকে উল্লিখিত শর্ত অনুযায়ী |
| টিভি সেট-এর ভাড়া | সংশ্লিষ্ট লিংকে উল্লিখিত শর্ত অনুযায়ী |
| মেলার জন্য দোভাষীর ব্যবস্থা | দিন প্রতি ২০ ইউরো |
| ট্যুর লিডার | দিন প্রতি ৩০ ইউরো |
| স্ন্যাকস (চা, কফি, কেক, জুস) | ৫ ইউরো |
| খাবার (লাঞ্চ এবং হালকা পানীয়) | ১০ ইউরো |
| পরিবহন | ১. সেডান: ঘন্টা প্রতি ৭ ইউরো<br>২. ভ্যান: ঘন্টা প্রতি ৫ ইউরো |
| আবাসন | সংশ্লিষ্ট লিংকে উল্লিখিত শর্ত অনুযায়ী |

**১০.২-** আবেদনকারীদেরকে উল্লিখিত পরিষেবাগুলো পেতে তাদের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করার পর তাদের আবেদনপত্র পূরণ করে আপলোড করতে হবে এবং কনফার্মেশন সংগ্রহ করতে হবে।